আলমডাঙ্গায় ধারালো অস্ত্রসহ এক যুবক গ্রেফতার

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ধারালো অস্ত্রসহ সোহেল রানা রাব্বি (২০) নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, গত বুধবার বিকেল ৫টার দিকে মোবাইল ফোন কেনাবেচার টাকা-পয়সা লেনদেন নিয়ে বলরামপুর মণ্ডলপাড়ার মৃত আব্দুল মণ্ডলের ছেলে শামসুল হকের সঙ্গে কালিদাশপুর গ্রামের বাবুল মণ্ডলের ছেলে সোহেল রানা রাব্বির বিরোধ সৃষ্টি হয়। একপর্যায়ে রাব্বি শামসুল হকের বাড়ির সামনে গিয়ে অকথ্য ভাষায় গালিগালাজ ও প্রাণনাশের হুমকি দেন।

এ সময় স্থানীয় লোকজন তাকে আটক করে পাইকপাড়া পুলিশ ক্যাম্পে খবর দেন। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে রাব্বিকে আটক করে দেহ তল্লাশি চালায়। তল্লাশিকালে তার কাছ থেকে একটি দেশীয় তৈরি স্টিলের চাপাতি (কাঠের বাটযুক্ত, দৈর্ঘ্য প্রায় ১২ ইঞ্চি) এবং একটি লোহার চেইন (এক পাশে তালা ও অপর পাশে লোহার রিং সংযুক্ত, দৈর্ঘ্য প্রায় ২৩ ইঞ্চি) উদ্ধার করে জব্দ করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে এবং তাকে আদালতে সোপর্দ করা হয়েছে।

এছাড়া সিডিএমএস পর্যালোচনায় দেখা গেছে, আসামীর বিরুদ্ধে পূর্বে আলমডাঙ্গা থানার মামলা নং-১৯, তারিখ ১৭ জানুয়ারি ২০২৬, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(১) সারণির ২৯(ক)/৪১ ধারায় একটি মামলা রয়েছে।